ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সহজ ও নিরাপদ হজ
## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অঙ্গীকার

**হজে গমনেচ্ছু যেকোন উপযুক্ত বাংলাদেশী নাগরিক সরকারিভাবে অথবা অনুমোদিত হজ এজেন্সির মাধ্যমে হজে যেতে পারবেন**

- সৌদি সরকার ঘোষিত ২০২৭ সালের নিবন্ধনের শেষ সময় ২৬ সেপ্টেম্বর ২০২৬
- হজ ভিসা ইস্যুকরণ শুরু হবে ২৮ জানুয়ারি ২০২৭
- হজ ফ্লাইট শুরু হবে ৮ এপ্রিল ২০২৭

### প্রাক-নিবন্ধন ও নিবন্ধনঃ

প্রাক-নিবন্ধনে হজযাত্রীর জাতীয় পরিচয়পত্র / বাংলাদেশী পাসপোর্ট / জন্ম সনদ, পাসপোর্ট সাইজ ছবি, মোবাইল নম্বর ও ব্যাংক হিসাব নম্বর থাকতে হবে (একই পরিবারের একাধিক ব্যক্তির একটি ব্যাংক একাউন্ট থাকলেও চলবে)

হজ পোর্টালে (hajj.gov.bd) ইউজার তৈরি করে সরকারিভাবে প্রাক-নিবন্ধন ও নিবন্ধন করা যায় এছাড়া ঢাকা হজ ক্যাম্প, ইসলামিক ফাউন্ডেশনের অফিসসমূহ, উপজেলা মডেল মসজিদ, ইউডিসি সেন্টারে নিবন্ধন ভাউচার করা যায়

২০২৭ সালের হজে নিবন্ধনের জন্য পাসপোর্টের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৭ পর্যন্ত থাকতে হবে

প্রাক-নিবন্ধনের অর্থ (ত্রিশ হাজার টাকা) ভাউচারের মাধ্যমে অনুমোদিত ব্যাংকে অথবা অনলাইনে জমা করা যায়

সরকারিভাবে নিবন্ধনের অর্থ সোনালী ব্যাংকে যেকোন শাখায় জমা করা যায়

### বেসরকারি মাধ্যমে নিবন্ধনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ

- এজেন্সিসমূহ নিজস্ব ইউজারের মাধ্যমে বেসরকারিভাবে হজে গমনেচ্ছুদের প্রাক-নিবন্ধন ও নিবন্ধন করে
- হজ পোর্টাল (hajj.gov.bd) থেকে লাইসেন্স নম্বর দিয়ে হজ এজেন্সির তথ্য অনুসন্ধান করুন
- অনুমোদিত এজেন্সি ছাড়া অন্য কেউ হজ কার্যক্রমে সম্পৃক্ত হতে পারবে না
- এজেন্সির নাম, মোবাইল নম্বর, ব্যাংক একাউন্ট ও অন্যান্য তথ্য হজ পোর্টাল হতে জেনে নিন
- হজ পোর্টালে দেয়া এজেন্সির ব্যাংক হিসাব ছাড়া অন্য কোন একাউন্টে হজের টাকা জমা করা নিষিদ্ধ
- এজেন্সির সাথে সেবা ও খরচের সকল বিষয়ে লিখিত চুক্তি সম্পাদন করুন
- লিখিত চুক্তি, টাকা জমার রসিদ, প্রাক-নিবন্ধন ও নিবন্ধন সনদ সংরক্ষণ করা জরুরী

## সিদ্ধান্ত গ্রহণের পূর্বে জানুন

- সরকারি বা বেসরকারি কোন মাধ্যমে হজে যাবেন জেনে-বুঝে সিদ্ধান্ত নিন
- প্যাকেজের সেবা, খরচ ও শর্ত সম্বন্ধে পরিষ্কার ধারণা নিন
- মক্কা ও মদিনার হোটেলের দূরত্ব, রুমের সিট সংখ্যা ও সুবিধা জেনে নিন
- মিনা-আরাফাহর তাঁবু, জোন, সার্ভিস ক্যাটাগরি, খাবার ও পরিবহন যাচাই করুন
- কুরবানি / আদাহির অর্থ সৌদি সরকারের সিস্টেমে জমা করা বাধ্যতামূলক
- বিস্তারিত জানতে হজ প্যাকেজ ও গাইড লাইন পড়ুন, এটি হজ পোর্টালের 'হজ প্যাকেজ' অপশনে পাওয়া যাবে

## সতর্কতা

- কম দামের অযৌক্তিক প্রলোভনে সিদ্ধান্ত নেবেন না
- অস্পষ্ট প্যাকেজ, লিখিত চুক্তি না থাকা বা কারো ব্যক্তিগত হিসাবে হজের টাকা জমা করা ঝুঁকিপূর্ণ
- মক্কা-মদিনার হোটেল, মিনার তাঁবু, খাবার, পরিবহন, গাইড তথ্য ইত্যাদি বিষয়ে মৌখিক প্রতিশ্রুতির উপর নির্ভর করবেন না - লিখিত প্রমাণ রাখুন
- হজের অর্থ নিবন্ধনকারী এজেন্সির একাউন্টে জমা হয়েছে কিনা নিশ্চিত হন
- প্রাক-নিবন্ধন ও নিবন্ধনের পর সনদ সংরক্ষণ করতে হবে
- জাতীয় পরিচয়পত্র / পাসপোর্ট নম্বর দিয়ে হজ পোর্টালে নিজ নিবন্ধনের তথ্য অনুসন্ধান করে নিশ্চিত হন
- হজ লাইসেন্স নম্বরবিহীন কোনো কাফেলা বা গ্রুপের সাথে যোগাযোগ থেকে বিরত থাকুন তারা কোনো বৈধ এজেন্সি নয়

## বাংলাদেশ পর্ব

- স্বাস্থ্য পরীক্ষা, টিকা গ্রহণ ও ফিটনেস সনদ সংগ্রহ করুন
- সৌদি ভিসা বায়ো অ্যাপে বায়োমেট্রিক সম্পন্ন করুন
- জেলা পর্যায়ের হজ প্রশিক্ষণে অংশগ্রহণ বাধ্যতামুলক
- পাসপোর্ট, নিবন্ধন সনদ, ও ভিসা কপি নিরাপদে রাখুন
- কল সেন্টার (১৬১৩৬) হজের যে কোন প্রয়োজনে ফোন করুন
- লাগেজ বিধি মেনে চলুন এবং লাগেজে পরিচয় তথ্য লিখুন
- নিষিদ্ধ সামগ্রী বহন করবেন না
- নিয়মিত সেবনের ঔষধ প্রেসক্রিপশনসহ সঙ্গে নিন
- বৈদেশিক মুদ্রা বহনের ক্ষেত্রে সরকারি বিধি অনুসরণ করুন
- প্রয়োজনীয় জরুরি নম্বর পরিবারের সঙ্গে শেয়ার করুন
- হজে গমনের সময় মোবাইল রোমিং সুবিধা গ্রহণ করতে পারবেন

## সৌদি আরব পর্ব

- সবসময় সঙ্গে রাখতে হবে- নুসুক কার্ড , মোয়াল্লেম কার্ড, হোটেল কার্ড ও বাংলাদেশের আইডি কার্ড
- সৌদি আইন ও নির্দেশনা মেনে চলা
- গাইডের সাথে দলগতভাবে চলাফেরা করা
- মিনা-আরাফাহ-মুজদালিফা-জামারাহ কার্যাবলী দলগতভাবে সম্পন্ন করা
- হজযাত্রীর মোবাইলে সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ থাকা
- যে কোন সমস্যায় হজ গাইড বা মক্কা-মদিনার হজ মিশনে যোগাযোগ করা
- জমজম পানি লাগেজে বহন না করা

## যে মাধ্যমেই হজে যান না কেন -সরকার আছে আপনার পাশে

- প্রাক-নিবন্ধন ও নিবন্ধনে হজযাত্রীদের নিরাপদ আর্থিক লেনদেনের ব্যবস্থা করা
- সকল হজযাত্রীর বিনামূল্যে টিকা প্রদান
- ভিসা সহায়তা
- হজ প্রশিক্ষণ
- হজক্যাম্পে বিনামূল্যে থাকা ও চিকিৎসা সেবা
- হজযাত্রীর অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি করা
- হজক্যাম্পে হজযাত্রীর লাগেজ বহনে সহায়তা
- বছরব্যাপি হজ কল সেন্টার ও হেল্পডেস্কের মাধ্যমে সেবা প্রদান
- মক্কা-মদিনায় বিনামূল্যে ওষুধসহ চিকিৎসা সেবা প্রদান
- হারানো হাজিদের উদ্ধার ও হোটেল / তাঁবুতে পৌছানো
- হারানো লাগেজ খুঁজে পেতে সহায়তা
- আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হাজিদের অর্থ সহায়তা
- হজযাত্রীকে প্রতিশ্রুত সেবা নিশ্চিত করা
- সকল হজযাত্রীর হজে গমন নিশ্চিত করা
- গুরুতর অসুস্থ হাজিদের মেডিকেল বেডে দেশে পাঠানো
- মৃত হাজির দাফনে NOC ও মৃত্যু সনদ প্রদান
- হজ পোর্টালে হজযাত্রীর সকল তথ্য সংরক্ষণ ও জানার সুযোগ

### হজ সংক্রান্ত তথ্যের জন্য

**হজ কল সেন্টার**
১৬১৩৬

**হজ পোর্টাল**
www.hajj.gov.bd

**মোবাইল অ্যাপ**
labbaik

প্রচারণায়: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার